

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৮.২০১৬- ২৭০

তারিখঃ ২৭/১০/১৬ খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোস্তানজির বিন ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, নীলফামারী; তার পূর্ববর্তী কর্মস্থল চিলমারী কুড়িগ্রামে কর্মকালীন যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয়ের ১৪-০২-২০১৬ খ্রিঃ তারিখের ১৫৫ সংখ্যক স্মারকে তাকে চিলমারী কুড়িগ্রাম হতে সদর, নীলফামারীতে বদলী করা হয়। উক্ত বদলী আদেশ মোতাবেক স্থানীয় কর্তৃপক্ষ তাকে চিলমারী কুড়িগ্রাম হতে গত ২৮-০২-২০১৬ খ্রিঃ তারিখে অবমুক্ত করেন। তার আবেদনের কারণে পরবর্তীতে চিলমারী কুড়িগ্রাম হতে অবমুক্তির সময় পরিবর্তন করে ০৩-০৩-২০১৬ খ্রিঃ তারিখ করা হলেও তিনি যথাসময়ে যোগদান না করে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় যুব কার্যক্রম বিঘ্নিত হওয়ার অভিযোগে অত্র দপ্তরের ২৪-৫-২০১৬ খ্রিঃ তারিখে ১৩৯ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;


২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি নির্ধারিত সময়ে লিখিতভাবে জবাব দাখিল না করায় বিধি মোতাবেক মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হয়। নথি পর্যালোচনায় দেখা যায় যে, তিনি ইতোমধ্যে গত ১৫-৫-২০১৬ খ্রিঃ তারিখে নতুন কর্মস্থলে যোগদান করেছেন। তাই তাকে গুরুদণ্ড দেয়ার মত পর্যাপ্ত উপাদান নেই বলে প্রতীয়মান হয়। তবে তিনি বদলীকৃত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে অসদাচরণ করেছেন;

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন, বদলীকৃত নতুন কর্মস্থলে যোগদান এবং নথি পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হয় এবং একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এ ক্ষেত্রে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২)(এ) বিধি মতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোস্তানজির বিন ইসলাম-কে তিরস্কার(Censure) দণ্ডে দণ্ডিত করা হলো ;

খ) তার অননুমোদিত অনুপস্থিতিকাল ছুটি বিধি অনুযায়ী যথানিয়মে নিষ্পত্তিযোগ্য।


০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখঃ ২৭/১০/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৮.২০১৬- ২৭০

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম/নীলফামারী।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সদর, নীলফামারী/চিলমারী, কুড়িগ্রাম।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, নীলফামারী।
- ০৬। জনাব মোস্তানজির বিন ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, নীলফামারী।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯